

# ২০ মার্চের মধ্যে ডাকসু নির্বাচনের রোডম্যাপ ঘোষণার দাবি গণতান্ত্রিক ছাত্রসংসদের

উপাচার্যকে স্মারকলিপি



সংবাদ সম্মেলনে গণতান্ত্রিক ছাত্রসংসদের নেতাকর্মীরা। ছবি: সমকাল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ১২ মার্চ ২০২৫ | ০২:২৪



আগামী ২০ মার্চের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদের (ডাকসু) রোডম্যাপ ঘোষণার দাবি জানিয়েছে বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্রসংসদ। এছাড়াও এপ্রিলের দ্বিতীয় সপ্তাহের মধ্যে তপশিল ঘোষণার দাবি জানিয়েছে সংগঠনটি।

নির্ধারিত সময়ে রোডম্যাপ ঘোষণা না হলে কঠোর আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন তারা।

মঙ্গলবার বিকেলে ডাকসু ভবনের সামনে সংবাদ সম্মেলনে এ দাবি তুলে ধরেন ছাত্রসংসদের নেতার। এরপর তারা উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমেদ খানের কাছে স্মারকলিপি দেন। ২০১৯ সালের এই দিনে ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল।

স্মারকলিপিতে তারা উল্লেখ করেন, জুলাই পরবর্তী প্রেক্ষাপটে ডাকসুর জন্য ছাত্র সমাজের দাবি জোরালো হয়। কিন্তু হতাশার বিষয় অভ্যুত্থানের ৭ মাস পার হলেও ডাকসুর দৃশ্যমান কোনো অগ্রগতি দেখা যায়নি। বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ও ঐতিহ্য অক্ষুণ্ণ রাখতে এবং গণতান্ত্রিক প্রক্রিয়াকে সমুন্নত রাখতে ডাকসু নির্বাচনে দ্রুত পদক্ষেপ প্রত্যাশা করছি।

সংবাদ সম্মেলনে গণতান্ত্রিক ছাত্র সংসদের কেন্দ্রীয় আহ্বায়ক আবু বাকের মজুমদার বলেন, আমরা ছাত্র সংসদ নির্বাচনের বিষয়ে কথা বলে আসছি। কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসনের এ নিয়ে গড়িমসি দেখছি। কখনো জানুয়ারি আবার ফেব্রুয়ারিতে ডাকসু নির্বাচনের কথা বলা হলেও এখন পর্যন্ত কোনো রোডম্যাপ (পথনকশা) ঘোষণা করা হয়নি।

তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ করে বাকের বলেন, চার স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংগঠনগুলোর সহাবস্থান রয়েছে। এখনই ছাত্রসংসদ দিয়ে শিক্ষার্থীদের অধিকার পুনঃপ্রতিষ্ঠা করার সময়। তিনি সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচনের দাবি জানান।